ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-১৯৫২</u>
জিরানীয়া,২৫ জুলাই,২০২৫

**<u>চতুর্দশ দেবতা মন্দির এলাকার পর্যটন পরিকাঠামোর উন্নয়নের ভিত্তিপ্রস্তর স্থাপন</u>**

**চতুর্দশ দেবতা মন্দিরকে আধুনিক পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ১৩.৬৩ কোটি টাকা ব্যয় করা হবে : রতন চক্রবর্তী**

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ কমলাসাগর কসবা কালীবাড়ি মন্দির প্রাঙ্গণ থেকে ভার্চুয়ালি চতুর্দশ দেবতা মন্দির এলাকার পর্যটন পরিকাঠামোর উন্নয়নের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এ উপলক্ষ্যে খয়েরপুরের চতুর্দশ দেবতা মন্দির প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিধায়ক রতন চক্রবর্তী বক্তব্য রাখতে গিয়ে বলেন, রাজ্যে শান্তি ও শৃঙ্খলা বজায় থাকার ফলে উন্নয়নের কর্মধারা এগিয়ে চলছে। রাজ্য সরকারের আন্তরিক প্রচেষ্টার ফলে রাজ্যে পর্যটন ক্ষেত্রের উন্নয়ন দ্রুতগতিতে এগোচ্ছে। তিনি বলেন, চতুর্দশ দেবতা মন্দিরকে আধুনিক পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ১৩.৬৩ কোটি টাকা ব্যয় করা হবে। তাতে মন্দির প্রাঙ্গণের সৌন্দর্যায়নের পাশাপাশি পর্যটকদের জন্য আধুনিক সুযোগ সুবিধা গড়ে তোলা হবে। অনুষ্ঠানে এছাড়া উপস্থিত ছিলেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ঝর্ণা রাণী দাস, জিরানীয়া মহকুমার মহকুমা শাসক অনিমেষ ধর প্রমুখ।

*****